



STEPPING STONE
SCHOOL (HIGH)

Class- IV

Subject- 2nd Language (Bengali)


Time- 30 minutes

Date-8/5/2020

Worksheet -12

বিষয়- রবীন্দ্রনাথ ঠাকুরের ছড়া

কবি প্রণাম



আজ ২৫শে বৈশাখ, কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের ১৫৯ তম জন্মবার্ষিকী। তাই আজকে আমরা রবীন্দ্রনাথ ঠাকুরকে নিয়ে পড়াশোনা করবো এবং এর মধ্য দিয়েই স্মরণ করবো এই মহান ব্যক্তিত্বকে যিনি তাঁর সৃষ্টি সম্ভারে বাংলা সাহিত্যকে সমৃদ্ধ করেছেন।

ক্ষান্তবুড়ির দিদিশাশুড়ির

- রবীন্দ্রনাথ ঠাকুর

ক্ষান্তবুড়ির দিদিশাশুড়ির
পাঁচ বোন থাকে কাল্‌নায়,
শাড়িগুলো তারা উনুনে বিছায়,
হাঁড়িগুলো রাখে আল্‌নায়।
কোনো দোষ পাছে ধরে নিন্দুকে
নিজে থাকে তারা লোহাসিন্দুকে,
টাকাকড়িগুলো হাওয়া খাবে বলে
রেখে দেয় খোলা জাল্‌নায়-
নুন দিয়ে তারা ছাঁচিপান সাজে,
চুন দেয় তারা ডাল্‌নায়।

(খাপছাড়া কাব্যগ্রন্থ)

এই ছড়াটি শোনেনি এমন মানুষ খুব কমই আছে। কল্পনার ঘুড়িকে যিনি ইচ্ছামতো মনের আকাশে ছেড়ে দিতে পারতেন, রচনা করতে পারতেন অসাধারণ সব ছড়া, গল্প, নাটক, উপন্যাস - তিনি আর কেউ নন, আমাদের প্রিয় রবীন্দ্রনাথ ঠাকুর।

অনেক ছোটবেলা থেকেই ছেলেটি ছিল খুব একা। রাজপ্রাসাদের মত বিশাল বাড়ি ছিল তার, ছিল অনেক চাকর-বাকর, কিন্তু তার সঙ্গে একটু খেলবে, একটু গল্প করবে এমন লোকের অভাব ছিল। এই ছেলেটির ছিল অসাধারণ গুন, একপলকেই লিখে ফেলতে পারত অসাধারণ সব কবিতা। নিজে মাস্টার সেজে পড়াত তার বিড়াল ছানাটিকে। ছোটবেলা থেকেই সে বই পড়তে খুব ভালোবাসত।

বন্ধ ঘরে তার ভালো লাগত না কিন্তু বাইরে যাওয়ার মতো অবস্থাও ছিল না। সে শুধু মন খুলে কল্পনা করতে পারত। একা থাকার কষ্ট নিয়ে বড়ো হয়েছিল বলেই ছোটদের প্রতি ছিল তার গভীর অনুরাগ। বড়ো হয়ে সে ই হলো মহান কবি, ঔপন্যাসিক, নাট্যকার, ছড়াকার। আজ তাঁকে আমরা সবাই চিনি, ভালোবাসি, সম্মান করি। তাঁর নাম রবীন্দ্রনাথ ঠাকুর। ১৮৬১ সালের ২৫ শে বৈশাখ অর্থাৎ আজকের দিনেই জোড়াসাঁকোর ঠাকুর পরিবারে তাঁর জন্ম।

রবীন্দ্রনাথ ঠাকুর কেবল বড়োদের জন্যই নিজেকে নিবেদন করেননি। ছোটদের জন্যও তিনি লিখেছেন অনেক ছড়া, নাটক, গল্প। তারই একটা উপরের 'স্ফাল্তবুড়ির দিদিশাশুড়ির' ছড়াটি। এরকম আরো অনেক মজার ছড়া আছে তাঁর।

তোমরা একটি পৃষ্ঠায় রবীন্দ্রনাথের লেখা অন্য যে কোনো একটি মজার ছড়া লেখো এবং পৃষ্ঠাটি তারিখ অনুযায়ী ফাইলে যত্ন করে রেখে দাও।

তোমরা লিঙ্ক গুলির সাহায্য নিতে পারো।

<https://youtu.be/DYVDjMnfG78>

https://youtu.be/Vw-yO_rVxqQ